Great Ormond Street Hospital for Children
NHS Foundation Trust

27 মার্চ 2020 তারিখ অপরাহ্ন 1 টায় এই তথ্যপত্রটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে

করোনাভাইরাস (কভিড-19) - শিশু, কিশোর-তরুণ এবং পরিবারগুলোর জন্যে হ্যামাটোলজী/অন্‌কোলজী (Haematology/Oncology) টীমের তরফ হতে তথ্যাবলী

আমরা বুঝি যে, আপনি হয়তো করোনাভাইরাস - যা কভিড-১৯ (COVID-19) নামেও পরিচিত - সম্পর্কে দুশ্চিন্তিত, বিশেষ করে যদি আপনার সন্তানের হ্যামাটোলজী/অন্‌কোলজী কোন দশা (জটিলতা) থাকে। আমাদের সেবা ব্যবহারকারী শিশু, কিশোর-তরুণদের জন্যে আমাদের উপদেশ কি এসব তথ্য গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এর হ্যামাটোলজী/অন্‌কোলজী টীমের তরফ হতে প্রকাশিত এই তথ্যপত্রটিতে তুলে ধরা হয়েছে। www.gosh.nhs.uk/news/coronavirus-covid-19-information-children-young-people-and-families-তে করোনাভাইরাস (coronavirus) কভিড-১৯ (COVID-19) সম্পর্কে প্রকাশিত আমাদের সাধারণ তথ্যাবলী এর পাশাপাশি এই তথ্যগুলো পড়ুন।

সিসিএল্‌জি নির্দেশিকা, যেটি নিম্নবর্ণিত সাইটে পাওয়া যাবে – অনুসারে করা এই নির্দেশিকাটি গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এর টীম কর্তৃক সংশোধন করা হয়েছে - www.cclg.org.uk/news/coronavirus-covid-19-guidance-for-children-and-youngpeople-with-cancer-undergoing-treatment

কভিড-১৯ (COVID-19) বাচ্চাদেরকে আক্রমণ করে কী?

এই পর্যন্ত প্রাপ্ত প্রমাণ দেখায় যে, যদিও বাচ্চারা কভিড-১৯ (COVID-19) দ্বারা আক্রান্ত হয়, তথাপি খুব অল্পসংখ্যক বাচ্চাদের মাঝে কভিড-১৯ দ্বারা গুরুতর সংক্রমণ ঘটে।

বাচ্চাদের মাঝে উপসর্গ তথা রোগলক্ষণসম্পন্ন কভিড-১৯ রোগ বিরল – চীনে আক্রান্ত ৭২,৩১৪ জন ব্যক্তির মাঝে শতকরা ১ জনেরও কম ব্যক্তির বয়স ছিলো ১০ বছরের কম।

১৪ মার্চ পর্যন্ত, Lombardy-তে (ইতালীর সবচেয়ে বেশি আক্রান্ত অঞ্চল) পিডিয়্যাট্রিক হ্যামাটোলজীক্যাল রোগসম্পন্ন বাচ্চা অথবা বৌন ম্যারো (অস্থি মজ্জা) ট্রান্সপ্লান্ট হয়েছে এরূপ ব্যক্তিদের মাঝে কভিড-১৯ সংক্রমণ ধরা পড়েনি।

চীনে লিউকোমিয়্যাসম্পন্ন মাত্র একটি বাচ্চা কভিড-১৯ দ্বারা আক্রান্ত হবার কথা জানানো হয়েছিলো। ১৮ মার্চ পর্যন্ত, ইউকে, ইতালী অথবা ফ্রান্সে এপ্লাস্টিক এনিমিয়্যাসম্পন্ন শিশু অথবা কিশোর-তরুণদের এখনো কেউ কভিড-১৯ দ্বারা আক্রান্ত হয়নি।

রক্তজনিত সমস্যা/জটিলতাসম্পন্ন যেসব শিশু অথবা কিশোর-তরুণ বর্তমানে চিকিৎসাধীন তাদের অনাক্রম্যতা ক্ষমতা আগের চেয়ে দুর্বল, যা বিভিন্ন সংক্রমণ যেমন কভিড-১৯ প্রতিহত করার কাজটাকে দেহের জন্যে আরো কঠিন করে তুলে (একইভাবে মৌসুমী ফ্লূর ক্ষেত্রেও)। হ্যামাটোলজী/অন্‌কোলজী দশাসম্পন্ন বাচ্চা এবং তাদের পরিবারগুলোর জন্যে ইহা গুরুত্বপূর্ণ যে তারা যেনো যথাসম্ভব ক্ষেত্রে প্রতিরক্ষামূলক সতর্কতাগুলো অনুসরণ করেন।

যদি আপনার সন্তানের জ্বর শুরু হয় তাহলে আপনার উচিত হাসপাতালে যাওয়া সম্পর্কিত যে নিয়মিত দিকনির্দেশনা রয়েছে তা অনুসরণ করা। স্থানীয় নীতি অনুযায়ী আপনার সন্তানের

অবস্থা যাচাই করা হবে এবং তাকে চিকিৎসা দেয়া হবে। যদি আপনি উদ্বিগ্ন থাকেন যে আপনার সন্তানের মাঝে কভিড-১৯ এর উপসর্গ তথা রোগলক্ষণ রয়েছে অথবা জানামতে যদি সে কভিড-১৯ আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে গিয়ে থাকে, তাহলে ইহা গুরুত্বপূর্ণ যে আপনারা আসার আগে যেনো তা চিকিৎসা প্রদানকারী হাসপাতালকে অবহিত করেন, যাতে প্রয়োজনীয় বন্দোবস্তগুলো করা সম্ভব হয়।

চিকিৎসা এবং প্রক্রিয়া/অপারেশনগুলো সম্পর্কে হ্যামাটোলজী/অন্‌কোলজী টীমের কাছ থেকে সুনির্দিষ্ট উপদেশ

যথাসম্ভব ক্ষেত্রে, তালিকাভুক্ত পরিকল্পিত চিকিৎসা প্রদান অব্যাহত থাকবে। নিয়মিত স্ক্যানসমূহ এবং প্রক্রিয়া বা অপারেশনগুলো, যেমন এম্‌আর্‌আই স্ক্যান এবং বৌন ম্যারো বায়োপ্‌সীগুলো, হয়তো স্থগিত করা প্রয়োজন হতে পারে।

আপনাদের বিশেষজ্ঞ টীম প্রতিটি বাচ্চার ক্ষেত্রে পৃথক পৃথকভাবে সিদ্ধান্ত নিতে হবে। অনুগ্রহ করে আপনার বিশেষজ্ঞ টীমের সাথে আলোচনা করুন।

সমর্থনমূলক কেয়ার (সেবা/তত্ত্বাবধান) এবং ট্রান্সফিউশনগুলো পরিকল্পনামাফিক অব্যাহত থাকা উচিত। বিষয়টি এমন হতে পারে যে, যদি পরিস্থিতির বিরাট অবনতি ঘটে, তাহলে আপনার সন্তানের ট্রান্সফিউশন থ্রেশ্‌হোল্ড (রক্ত পরীক্ষার ফলাফল যেটি বলে দেয় যে ট্রান্সফিউশন আবশ্যক) পরিবর্তন করার প্রয়োজন হয়তো দেখা দিতে পারে।

ট্রান্সফিউশন থেকে কারো মাঝে কভিড-১৯ সংক্রমণ হয়েছে এরূপ কোনো খবর পাওয়া যায়নি। কভিড-১৯ হচ্ছে একটি রেস্‌পির‍্যাটরী তথা শ্বাসপ্রশ্বাসকে প্রভাবকারী ভাইরাস এবং তাই এটি ট্রান্সফিউশন দ্বারা সংক্রমিত হয় না। রক্ত ট্রান্সফিউশনগুলো নিরাপদ।

ঔষধ সম্পর্কে হ্যামাটোলজী/অন্‌কোলজী টীমের কাছ থেকে সুনির্দিষ্ট উপদেশ

সংক্রমিত হবার ঝুঁকি কমানোর জন্যে আপনার সন্তানের চিকিৎসা বন্ধ করা অথবা পরিবর্তন করার সুপারিশ প্রদান করা হচ্ছে না। বাচ্চাদের বিরাট সংখ্যা গরিষ্ঠের মাঝে উক্ত সংক্রমণ মৃদু - আর তাই নিয়মিতভিত্তিতে চিকিৎসা কমানো অথবা বাতিল করে দেয়ার বিষয়টি সুপারিশ করা হচ্ছে না।

যেসব শিশু অথবা কিশোর-তরুণ ডাক্তারীভাবে পরীক্ষামূলক ভিত্তিতে ইতোমধ্যে চিকিৎসা গ্রহণ করছে তাদের বেলায় পরিকল্পনা হবে যথাসম্ভব ক্ষেত্রে চিকিৎসা চালিয়ে যাওয়া এবং পরিস্থিতি ঘন ঘন যাচাই করা। ডাক্তারীভাবে পরীক্ষামূলক চিকিৎসা প্রারম্ভিক ধাপ ১ এবং ধাপ ২ এর ক্ষেত্রে, কোন কোন সেন্টার পরবর্তী বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত নিযুক্তিকরণ স্থগিত রেখেছে। স্থানীয় টীম প্রতিটি ক্ষেত্রে পৃথক পৃথকভাবে সিদ্ধান্ত নিতে হবে।

আপনার সন্তানের চিকিৎসার ব্যাপারে যদি আপনার কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের কন্‌সাল্‌ট্যান্ট অথবা উক্ত টীমের একজন সদস্যেকে জিজ্ঞাসা করুন।

আমাদের কি বিকল্প কোনো চিকিৎসা এপয়েন্টমেন্ট করতে হবে?

যদি চিকিৎসার জন্যে আপনার সন্তানের একটি পূর্ব নির্ধারিত এপোয়েন্টমেন্ট থাকে, তাহলে, যদিনা সে অসুস্থ হয়, তাদের উচিত উপস্থিত হওয়া।

যে সেবা প্রদান করা হয় যদি তাতে কোনো ব্যাঘাত ঘটে, তাহলে ক্লিনিশানরা চিকিৎসার ব্যাপারে অগ্রাধিকার দেয়ার বিষয়ে সবসময় সিদ্ধান্ত নিবেন যাতে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তারা সেটি পায় এবং তাঁরা রোগীদের সাথে সলাপরামর্শ করবেন। মূল লক্ষ্য হবে জরুরি সার্ভিসগুলো প্রদান করা, সঠিক চিকিৎসা পাওয়া হতে বঞ্চিত হবার সবচাইতে বেশি ঝুঁকিগ্রস্তদেরকে সাহায্য করা।

যথাসম্ভব ক্ষেত্রে, রোগীদেরকে সরাসরি সাক্ষাতের প্রয়োজন দূর করার বিষয়টি ক্লিনিশানরা যাচাই করে দেখছেন। এক্ষেত্রে টেলিফোনে এপোয়েন্টমেন্ট অথবা ভিডিও মারফত সলাপরামর্শের সম্ভাব্যতা বিবেচনা করে দেখা।

যদি আপনার সন্তানের কোনো আসন্ন এপয়েন্টমেন্ট থেকে থাকে, আমরা আপনার সাথে যোগাযোগ করে আলোচনার মাধ্যমে জানাব কীভাবে দূর থেকে এটি সর্বোত্তমভাবে পরিচালনা করা যায়।

আপাততঃ, সম্ভাব্য ক্ষেত্রে, ঘরে ঘরে যেয়ে আউটরীচ ভিজিটগুলো চলতে থাকবে। যদি আপনার পরিবারের কোনো

সদস্যের মাঝে উপসর্গ তথা রোগলক্ষণ থাকে এবং নিজেকে অন্যদের কাছ থেকে বিচ্ছিন্ন রাখেন, তাহলে নির্ধারিত হোম্ ভিজিটের আগে স্টাফদেরকে তা জানানোর জন্যে তাদের সাথে যোগাযোগ করার ব্যাপারটি আপনি নিশ্চিত করুন।

আরো তথ্য এবং সহায়তা

তথ্যসমূহ নেওয়া হয়েছে NHS (এনএইচএসের) www.nhs.uk/conditions/coronavirus-covid-19/ থেকে।

শিশুদের জন্য তথ্য রয়েছে BBC Newsround (বিবিসি নিউজরাউন্ডের) ওয়েবসাইটে www.bbc.co.uk/newsround